দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 27 OCT 1984
পৃষ্ঠা ... ... কলাম ...1...



# প্রকৌশল বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

(ইত্তেফাক রিপোর্ট)

দাবী-দাওয়া আদায়ের লক্ষ্যে একটানা ক্লাস বর্জনের প্রেক্ষিতে গতকাল (বুধবার) হইতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। বুয়েটের সকল আবাসিক ছাত্র-ছাত্রীদের আজ (বৃহস্পতিবার) সকাল ১০টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে। উল্লেখ্য যে, টেষ্ট পরীক্ষা

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ছাত্রদের বিক্ষোভ

বুয়েট বন্ধ ঘোষণার তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় গতকাল সন্ধ্যার পর কয়েকশত বুয়েট ছাত্র রাস্তায়

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## প্রকৌশল বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

বাতিল ও বৃত্তির পরিমাণ বৃদ্ধির দাবীতে বুয়েটের ছাত্র-ছাত্রীরা গত দুই সপ্তাহ যাবৎ ক্লাস বর্জন করিয়া আসিতেছেন।

বুয়েট কর্তৃপক্ষ জানাইয়াছেন যে, বৃত্তির পরিমাণ বৃদ্ধির ব্যাপারে সরকারের সংশ্লিষ্ট পর্যায়ে যোগাযোগ স্থাপন করা হইয়াছে। কিন্তু ক্লাস টেষ্ট বাতিলের দাবীতে অনমনীয় মনোভাব প্রদর্শন করিয়া ক্লাস বর্জন অব্যাহত রাখায় প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশের মারাত্মক অবনতি ঘটিয়াছে এবং স্বাভাবিক শিক্ষা কার্যক্রম পরিচালনা অসম্ভব হইয়া পড়িয়াছে। এইঅবস্থায় গতকাল হইতে অনির্দিষ্টকালের জন্য বুয়েট বন্ধ ঘোষণা ও আজ সকাল ১০ টার মধ্যে ছাত্র-ছাত্রীদের হল ছাড়িয়া যাওয়ার নির্দেশ দেওয়া হইয়াছে।

## ছাত্রদের বিক্ষোভ

(১ম পৃঃ পর)

বিক্ষোভ মিছিল বাহির করে। তাহারা বিভিন্ন সংবাদপত্র কার্যালয়ের সম্মুখে জমায়েত হইয়া দাবীর সপক্ষে ধ্বনি দেয়। তাহারা দাবী করে যে, দাবীর সমর্থনে শান্তিপূর্ণ আলোচনা সত্ত্বেও কর্তৃপক্ষ আযৌক্তিকভাবে বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দেয়।